

Exchange of list of prisoners between India and Pakistan

January 01, 2021

ভারত-পাকিস্তানের মধ্যে বন্দী তালিকার বিনিময়

জানুয়ারী 01, 2021

আজ ভারত ও পাকিস্তান একযোগে কূটনৈতিক পর্যায়ে নয়াদিল্লি ও ইসলামাবাদে তাদের হেফাজতে থাকা বেসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের তালিকা বিনিময় করেছে। 2008 সালের চুক্তি অনুসারে প্রতিবছর 1 জানুয়ারী এবং 1 জুলাই এই জাতীয় তালিকা বিনিময় করা হয়।

ভারতের হেফাজতে থাকা 263 জন পাকিস্তানী বেসামরিক বন্দী এবং 77 জন মৎস্যজীবীর তালিকা ভারত আজ পাকিস্তানের হাতে তুলে দিয়েছে। একইভাবে, পাকিস্তান তার হেফাজতে থাকা ভারতীয় বা যাদের ভারতীয় বলে আন্দাজ করা হচ্ছে এমন 49 জন বেসামরিক বন্দী এবং 270 জন মৎস্যজীবীর তালিকা তুলে দিয়েছে।

পাকিস্তানের হেফাজত থেকে বেসামরিক বন্দী, নিখোঁজ ভারতীয় প্রতিরক্ষা কর্মী এবং মৎস্যজীবীদের তাদের নোকোসহ শীঘ্রই মুক্তি ও প্রত্যাবাসনের আহ্বান জানিয়েছে ভারত সরকার। এ প্রসঙ্গে, পাকিস্তানকে 03 জন ভারতীয় বেসামরিক বন্দী এবং 185 জন ভারতীয় মৎস্যজীবীর নাগরিকত্বের বিষয়ে নিশ্চিত হয়ে, তাদের দ্রুত মুক্তি এবং প্রত্যাবাসনের ব্যবস্থা করতে পাকিস্তানের কাছে অনুরোধ জানানো হয়েছে। এছাড়াও, পাকিস্তানকে তাদের হেফাজতে থাকা সকল ভারতীয় মৎস্যজীবী এবং 22 জন ভারতীয় বলে আন্দাজ করা বেসামরিক বন্দীদের অবিলম্বে দূতাবাসের সাহায্য দিতে বলা হয়েছে।

পাকিস্তানের বিভিন্ন কারাগারে দীর্ঘদিন বন্দী থাকা ভারতীয় কারাবন্দীদের মানসিক অবস্থা নির্ধারণের জন্য বিশেষজ্ঞ চিকিৎসক দলের পাকিস্তান সফরের সুবিধার্থে দ্রুত ভিসা প্রদান করার জন্য ভারত সরকার পাকিস্তানকে অনুরোধ করেছিল। যথাশীঘ্র সম্ভব যৌথ জুডিশিয়াল কমিটির পাকিস্তান সফরের ব্যবস্থা করারও প্রস্তাব করা হয়েছিল।

দুই দেশেই বন্দী নাগরিক এবং মৎস্যজীবীদের সম্পর্কিত সকল মানবিক বিষয়কে অগ্রাধিকার দিতে ভারত বদ্ধপরিকর। এই প্রসঙ্গে মৎস্যজীবী সহ 80 জন পাকিস্তানী বন্দীর নাগরিকত্ব নিশ্চিত করার জন্য পাকিস্তানকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে ভারত সরকার, যে কারণে তাদের প্রত্যাবাসন মূলতুবি আছে। COVID-19 মহামারীর পরিপ্রেক্ষিতে, ভারতীয় মনে করা হয় এমন সমস্ত বেসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের নিরাপত্তা, সুরক্ষা এবং কল্যাণ নিশ্চিত করার জন্য পাকিস্তানকে অনুরোধ করা হয়েছে।

নিউ দিল্লি

জানুয়ারী 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.